**পশ্চিমবঙ্গ সরকার**

গ্রন্থাগার পরিষেবা অধিকার

বিকাশ ভবন, ৯ম তল, বিধান নগর, কলকাতা - ৭০০ ০৯১.

# সাধারণ গ্রন্থাগার দিবস উদ্‌যাপন২০২১

৩১ আগষ্ট ২০২১ জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত নবম সাধারণ গ্রন্থাগার দিবস কেন্দ্রীয় ভাবে পালিত হয়েছে রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারে। বিদ্যালয় শিক্ষা ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী ব্রাত্য বসু এই অনুষ্ঠানটি শুভ উদ্বোধন করেন।



প্রদীপ প্রজ্বলনের শুভ মুহূর্তে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী মহঃ গোলাম রব্বানি, জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী, শ্রী ব্রাত্য বসু মহাশয় এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয়া উপাচার্য শ্রীমতী সোনালী চক্রবর্তী ব্যানার্জি এবং জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের মাননীয়া প্রধান সচিব শ্রীমতী রোশনি সেন, অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকার শ্রীমতী স্বাতী বন্দ্যোপাধ্যায় ও অন্যান্য বিশিষ্ট অতিথিবর্গ।

অনুষ্ঠানের বিশেষ অতিথিদের মধ্যে ছিলেন সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহঃ গোলাম রব্বানি এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয়া উপাচার্য্য শ্রীমতি সোনালী চক্রবর্তী ব্যানার্জী। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী।



বিশেষ চাহিদা সম্পন্ন কৃতি ছাত্রীকে সম্বর্ধনা প্রদান করছেন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী শ্রী ব্রাত্য বসু মহাশয় ও জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধরী মহাশয়।



গ্রন্থাগারে নিয়মিত পাঠককে সম্মানিত করছেন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী মহাশয় এবং জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের মাননীয়া প্রধান সচিব শ্রীমতী রোশনি সেন মহাশয়া।

অনুষ্ঠানে রাজ্যের ২০ জন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন কৃতি ছাত্রছাত্রী - ও গ্রন্থাগারের নিয়মিত পাঠকদের সম্মাননাজ্ঞাপন করা হয়।

# সাধারণ গ্রন্থাগার দিবস উদ্‌যাপন ২০২১



অনুষ্ঠান মঞ্চে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী, শ্রী ব্রাত্য বসু , কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয়া উপাচার্য শ্রীমতী সোনালী চক্রবর্তী ব্যানার্জি, জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের মাননীয়া প্রধান সচিব শ্রীমতী রোশনি সেন ও অন্যান্য বিশিষ্ট অতিথিবর্গ।

| | |
|---|---|
| **অনুষ্ঠান সূচী**<br>**৩১ আগষ্ট ২০২১** | • সকাল ১১টা : অতিথিবরণ, উদ্বোধন সঙ্গীত, প্রদীপ প্রজ্জ্বলন , স্বাগত ভাষণ,উদ্বোধকের ভাষণ, বিশিষ্ট অতিথিবর্গের ভাষণ , সভাপতির ভাষণ, বিশেষ চাহিদা সম্পন্ন কৃতি ছাত্র-ছাত্রী ও গ্রন্থাগারের নিয়মিত পাঠকদের সম্মাননাজ্ঞাপন।<br>• দুপুর ১টা : সমাপ্তি ঘোষণা |



**মাননীয় মন্ত্রী**
**শ্রী ব্রাত্য বসু**
**বিদ্যালয় শিক্ষা ও উচ্চ শিক্ষা বিভাগ ,**
**পঃ. বঃ. সরকার**

...আজ থেকে ১৮৬ বছর আগে এইদিনে যে বীজ রোপিত হয়েছিল আজ তা গাতীয় গ্রন্থাগার নামের মহীরুহ।...জনশিক্ষার প্রসার তথা মানব মনের গঠনে গ্রন্থাগারের অপরিসীম গুরুত্বকে স্বীকৃতি দিয়ে ২০১৩ সালের ৩১আগষ্ট থেকে সরকার গ্রন্থাগার দিবস পালনের সিদ্ধান্ত নিয়েছিল, আমার মত অসংখ্য পুস্তকপ্রেমী মানুষ তাই পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিসেবা বিভাগের কাছে বিশেষভাবে কৃতজ্ঞ । স্প্যানিশ সাহিত্যের আর্জেন্টিনিয় লেখক ঘোরে লুই বলহেস বলেছিলেন ' I was always imagine that paradise will be kind of library' । আমাদের মত মানুষজন যারা অল্প স্বল্প বই পড়তে ভালোবাসি তাদের কাছে এই উপলব্ধি অমুক।...বই আমাদের মনের দিগন্তকে উদার বিস্তৃতি দেয়,কূপোমন্ডুকতার জাল কেটে বিশ্বের আঙিনাকে মনের জানলায় নিয়ে আসে।কারুর পক্ষেই পছন্দের সব বই কেনা সম্ভব নয়, ফলে গ্রন্থাগার আমাদের সেই সীমাবদ্ধতা থেকে মুক্তি দেয়।আজকের ভারতবর্ষের যেখানে ক্রমবর্ধমানঅসহিষ্ণুতাসাম্প্রদায়িক শক্তিরা মানুষে মানুষেভেদাভেদবাড়িয়ে দিচ্ছে, বই পড়া ও জ্ঞানের প্রসারই আবার মানুষকে পরস্পরের কাছাকাছি আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।এই লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিসেবা বিভাগের মাননীয় মন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী নেতৃত্বে গুরুত্বপূর্ণ কাজ করে চলেছে।...মোট ২৪৮০টি গ্রন্থাগারের পরিষেবার জালিকা সমগ্র বাংলার মানুষকে বই থেকে পত্রপত্রিকা-, সংবাদপত্র সহ অন্যান্য পরিষেবা প্রদানে তৎপর ভুমিকা পালন করছে।আইনস্টাইন বলেছিলেন যে জায়গাটি আপনাকে ' ...চিনতেই হবে সেটি আপনার বাড়ির কাছের গ্রন্থাগার। পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিসেবা বিভাগের কার্যক্রমে গ্রন্থাগারের খোঁজে মানুষকে তার বাড়ি থেকে বেশি দূরে যেতে হবে না।... দক্ষিণ ক্যারোলিনা বিশ্ববিদ্যালয়ের School of Library and Information Science - এর অধিকর্তা R.David.Lankes বলেন 'Bad Library build collection ,good Librarybuild service and great library build community'।...আমি নিশ্চিত জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিসেবা বিভাগ তাদের গ্রন্থাগারগুলির মাধ্যমে সমাজ তৈরীর লক্ষ্যে অত্যন্ত গুরুত্ব ভূমিকা পালন করে চলবে।



**মাননীয় মন্ত্রী**
**জনাব সিদ্দীকুল্লাহ্ চৌধুরী**
**জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ ,**
**পঃ. বঃ. সরকার**

...১৯৮৮ সালে উচ্চ শিক্ষা দপ্তর থেকে পৃথক হয়ে এই দপ্তরটি জন্ম নেয়, তখন থেকে জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা নিজের পায়ে হাটতে শুরু করে। থেকে ২০১১... গুণ বাজেট বেড়েছে ৬ এই দপ্তরের ২০২১।সকলের সহ...যোগিতায় একটা নতুন ভাবনা আমরা দিতে সক্ষম হয়েছি।আমরারাজ্য জুড়ে এই দিবসটা পালন করে থাকি।বই ছাড়া কোন ব্যক্তি, কোন সমাজ, কোন দেশ, কোন জাতি বাচঁতে পারে না।-কম্পিউটার.... সায়েন্সের যুগেও বই বাদ দিয়ে জীবন কোনোদিন সমৃদ্ধ হবে না।রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারের মাধ্যমে প্রায় ৩৫০০০ দুষ্প্রাপ্য বই আমরা ডিজিটাইস করেছি এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।......'Read your own book'- এই পরিবেশ আমাদের দপ্তর কর্রেছে আগে গ্রন্থাগার পরিষেবা গ্রহণ করার জন্য পয়সা দিতে হত এখন...নিঃশুল্ক ভাবে 'বই ধরো বই পড়ো' প্রকল্প আমরা জারি করে ৫ লক্ষ সদস্যপদ প্রাথমিক টার্গেটরেখেছি।...বই আমাদের সম্পদ।...আমপান গেল, যশ গেলো, করোনা গেল তাতে আমাদের প্রায় ১০লক্ষ বই নষ্ট হয়েছেতার মধ্যে যেগুলি বাছাই করে আমরা ঠিক ..., করতে পারবো, সেগুলি নিয়ে আমরা চিন্তায় আছি...।নিজ নিজ এলাকার লাইব্রেরীগুলিকে সমৃদ্ধ করুন।.।এর মাধ্যমে স্কুলের সুপারিশ যদি আমাদের কাছে -স্থানীয় গ্রন্থাগার কৃত্যক. দ্বাদশ শ্রেনীর উপযোগী বই আমরা লাইব্রেরীর মাধ্যমে স্কুলে দিতে -আসে নবম পারি।যাদের সম্পূর্ণ খরচ দপ্তর বহন ...মেয়ে-প্রতিবন্ধী ছেলে ১৮০০০ আমাদের দপ্তর... করে থাকে, এরা যেন না ভাবে আমরা একা...।আমরা প্রত্যেকটি জেলা ... গ্রন্থাগারগুলিকে একটা নতুন ভাবনা দিয়ে গড়ে তুলতে চাইছি।



**মাননীয় মন্ত্রী**
**মহঃ গোলাম রব্বানি**
**সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,**
**পঃ. বঃ. সরকার**

...যারা লাইব্রেরীতে নিয়মিতযেতেন তারা কেউ IAS, IPS কেউ VC, কেউ Post Doctorate, কেউ Professor, কেউ Doctorহয়েছে। আর যারালাইব্রেরীকেছেড়েদিয়েছে তারা কিন্তু ভালো জায়গায় যেতে পারেননি। যার জন্য আমরা সব সময় বলি "Knowledge is Power"...লাইব্রেরীহলো আমাদের "Power House"। ... আমাদেরছেলেমেয়েদেরলাইব্রেরীতে যাওয়ার অভ্যাস তৈরি করতে হবে।



মাননীয়া উপাচার্য
শ্রীমতি সোনালী চক্রবর্তী ব্যানার্জী,
কলিকাতা বিশ্ববিদ্যালয়

...বর্তমান অতিমারীর মধ্যেও যাতে গ্রন্থাগার পরিষেবা ব্যাহত না হয় সে দিকেও এই বিভাগ নজর রেখেছে। ... এই প্রসঙ্গে উল্লেখ যোগ্য বিষয় হল বিভিন্ন সরকারি ও সরকার পোষিত গ্রন্থাগারের প্রায় ৩৫০০০ পুরানো ও দুষ্প্রাপ্য বই কে ডিজিটাইজ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং ওয়েব পোর্টাল-এ যাপাওয়া যাচ্ছে। এই কাজ উচ্চ প্রশংসার দাবি রাখে। ... আমরা জনশিক্ষাপ্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের মাননীয় মন্ত্রী সিদ্দীকুল্লাহ্ চৌধুরীর আনুকূল্যে যে ২কোটি টাকার বিশেষ অনুদান পেয়েছি তাতে আমাদের লাইব্রেরীকে অনেক উন্নত করতে পেরেছি।